

Bhatter College

Dantan, Paschim Medinipur

Dept:-Music

Professor Name:-Dr.Santanu Tewari

Semester-IV

G.E-2020

GE4P:-Practical songs of Panchakobi except Rabindranath

Course Contents

a. Dwijendra Geeti

3. Jiban Ta to Dekha Gelo (Audio & Lyrics)



Signature of H.O.D

Dated:-09.04.2020

[বাউল—একতালা]

[১০৮]

জীবনটা তো দেখা গেল

শুধুই কেবল কোলাহল।

এখন যদি সাহস থাকে, মরণটাকে দেখবি—

ওরে মরণটাকে দেখবি,

ওরে মরণটাকে দেখবি চল্!

প'ড়ে আছে অসীম পাথার,

সবাই তাতে দিচ্ছে সাঁতার;

অঙ্গ এলে অবশ হ'য়ে সবাই যাবে রসাতল।

উপরে তো গর্জে ঢেউ,

সে দগুমাত্র নয় কো স্থির;

নীচে প'ড়ে আছে অগাধ স্তব্ধ

শান্ত সিন্ধুনীর—

এতদিন তো ঢেউয়ে ভেসে দিলি সাঁতার

উপর দেশে—

ডুব দিয়ে আজ দেখবে নীচে

কতখানি গভীর জল।